

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭(অংশ-১)-

বিষয়ঃ ডা: মাফরোজা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) সদরপুর, ফরিদপুর -এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' ও পলায়নের (Desertion) -এর দায়ে বিভাগীয় মামলা রুজু।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডা: মাফরোজা পারভীন মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) সদরপুর, ফরিদপুর -এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি গত ০৫/০৭/২০১৭খ্রি: তারিখে বর্তমান কর্মস্থলে যোগদানের পর থেকে মাঝে মাঝে কর্মস্থলে আসেন;


যেহেতু, আপনি ১২/১১/২০১৭খ্রি: থেকে ১৬/১১/২০১৭খ্রি: তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন রেখে কর্মস্থল ত্যাগ করেন এবং অদ্যাবদি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ;

যেহেতু, আপনার অননুমোদিত অনুপস্থিতির কারণে মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম দারুনভাবে ব্যাহত হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে ;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)/ বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করা হিসাবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে এহেন কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' 'ও পলায়নের (Desertion) /বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করার অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে সরকারি চাকরি থেকে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব


ডা: মাফরোজা পারভীন
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
সদরপুর, ফরিদপুর।

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.২৭.০২১.১৯-৫০

তারিখঃ ২৭/০৬/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণপূর্বক (যদি বিলি না হয়ে থাকে সেক্ষেত্রে সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় লটকায়ে জারিকরণপূর্বক ফেরতখামসহ) তার প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ফরিদপুর।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।


(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬৭


অভিযোগ বিবরণী

ডা: মাফরোজা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) সদরপুর, ফরিদপুর -এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, তিনি গত ০৫/০৭/২০১৭খ্রি: তারিখে বর্তমান কর্মস্থলে যোগদানের পর থেকে মাঝে মধ্যে কর্মস্থলে আসেন;

তিনি গত ১২/১১/২০১৭খ্রি: থেকে ১৬/১১/২০১৭খ্রি: তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন রেখে কর্মস্থল ত্যাগ করেন এবং অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ;

তার অননুমোদিত অনুপস্থিতিতে মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম দারুনভাবে ব্যাহত হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে ;

তার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct) 'ও পলায়ন (Desertion) // বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করা হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ।


(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব